**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 24-10-2025** | **Desk in Charge : SDG**
**Time : 1.40 P.M.** | **Compiling : Subhankar B.**
**DEO : KB** | **NR : Arka S.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

***********************************************************************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে রাজ্য পুলিশের দায়ের করা মোট ২০টি এফয়াইয়ার মধ্যে ১৫ টি এফয়াইয়ার খারিজ করেদিল কলকাতা হাইকোর্ট। একই সঙ্গে সামগ্রিক সুরক্ষাকবচও প্রত্যাহার করে নিল উচ্চ ন্যায়ালয়। বিচারপতি জয় সেনগুপ্ত নির্দেশে জানিয়েছেন মানিকতলা থানায় বিরোধী দলনেতার বিরুদ্ধে ২০২১ সালে দায়ের হওয়া মামলাতে সিবিআই ও রাজ্যপুলিশের যৌথ নেতৃত্বে তদন্ত হবে। তদন্তের নেতৃত্বে থাকবেন এসপি র‍্যাঙ্কের দুজন আধিকারিক এবং রাজ্য পুলিশের ও সিবিআইয়ের সর্বোচ্চ মোট পাঁচজন করে তদন্তকারী আধিকারিক থাকতে পারবেন। বাকি চারটি মামলায় কলকাতা হাইকোর্টে যথাযথ আবেদন না করায় সেগুলোর বিষয়ে নতুন করে আবেদন করতে নির্দেশ বিচারপতির।

**********************

প্রধানমন্ত্রী আজ সারাদেশে রোজগার মেলার মাধ্যমে ৫১ হাজারের বেশি নিয়োগপত্র বিতরণ করেছেন। কলকাতায় ডাক বিভাগের উদ্যোগে বি সি রায় অডিটরিয়ামে এক অনুষ্ঠানে রেল, ডাক বিভাগ-সহ বিভিন্ন সরকারি দপ্তরে ১৮৩জনকে নিয়োগপত্র প্রদান করা হয়। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর কয়েকজনের হাতে নিয়োগপত্র তুলে দেন। এদিন তিনি বলেন, দেশের জন্য যুব সমাজের কী ভূমিকা হওয়া উচিত রোজগার মেলার মাধ্যমে সে বিষয়ে একটা ধারণা তৈরি হয়। প্রধানমন্ত্রী যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্য নিয়েছেন, তা পূরণে যুবসমাজ একটি বিশেষ অংশ। তাই যুব

সমাজ যাতে সঠিকভাবে কাজ করতে পারে তার জন্য রোজগার মেলা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(বাইট- শান্তনু )

*********************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) শুরুর আগে বুথ লেভেল আধিকারিক ও ইআরওরা বৈঠকে বসতে চলেছেন। এস আই আর এর প্রস্তুতি নিয়ে আগামী সোমবার থেকে ধাপে ধাপে বুথ লেভেল আধিকারিক ও ইআরও-রা জেলাওয়ারি ভাবে আলোচনায় বসবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে।

*********************

নির্বাচন কমিশন চুক্তিভঙ্গের অভিযোগে রাজ্য সরকারি সংস্থা ম্যাকিনটোস বার্ণের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে চলেছে। চুক্তি বদ্ধ হওয়ার পরেও রাজ্য পূর্ত দফতরের অধীনস্থ ওই সংস্থা বুথ পরিকাঠামো সমীক্ষা ও উন্নয়নের কাজ করতে রাজি না হওয়ায় ওই সরকারি সংস্থাকে সতর্কতামূলক চিঠি পাঠিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) প্রক্রিয়ার প্রস্তুতি যখন চূড়ান্ত পর্যায়ে, তখনই এই সংস্থা কাজ থেকে পিছিয়ে আসে। কমিশনের নির্দেশে রাজ্য সিইও দপ্তর সংস্থাটিকে প্রশ্ন করেছে, কেন তাদের কালো তালিকাভুক্ত করা হবে না কিংবা আইনি ব্যবস্থা নেওয়া হবে না। তার জবাব দিতে হবে নির্দিষ্ট সময়সীমার মধ্যে।

*********************

রাজ্য বিজেপি সভাপতি তথা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেছেন, রাজ্যে এসআইআর নিয়ে বিরোধিতা হলে তার প্রতিবাদ হবেই। সংশোধিত নাগরিকত্ব আইন - সিএএ প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে শমীক বাবু বলেন, পাপের প্রায়শ্চিত্ত বিজেপি করেছে। কোভিডের কারণে আইন প্রণয়ন করতে দেরী হয়েছে। তবে এখন

তা দ্রুত চালু করতে হবে। মানুষ যাতে নাগরিকত্ব পান, সেদিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। পরে অন্য একটি প্রশ্নের উত্তরে তিনি বলেন, পশ্চিমবঙ্গ দুষ্কৃতীদের স্বর্গরাজ্য হয়ে উঠেছে। দুষ্কৃতীরা মনে করে এই সরকার তাদের। পুলিশের ওপর তাদের কোনো ভয় নেই বলে তিনি মন্তব্য করেন।

*********************

এসএসকেএম হাসপাতালে নাবালিকা রোগীর শ্লীলতাহানির ঘটনায় স্বাস্থ্য দপ্তর রিপোর্ট তলব করেছে। ওয়ার্ডের ভিতরে কীভাবে এই ঘটনা ঘটল, আগামী দু'দিনের মধ্যে লিখিত ভাবে তা বিস্তারিত জানিয়ে রিপোর্ট জমা দিতে হবে হাসপাতাল সুপারকে। উল্লেখ্য গত বুধবার এই ঘটনা ঘটে বলে অভিযোগ।

*********************

এসএসকেএমে নাবালিকার শ্লীলতাহানির ঘটনায় কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা গতরাতে এসএসকেএম হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে সেখানে যান।

উল্লেখ্য, এসএসকেএমে নাবালিকার শ্লীলতা হানির ঘটনায় , এনআরএসের অস্থায়ী কর্মী অমিত মল্লিককে ভবানীপুর থানার পুলিশ গ্রেফতার করে। গতকল আলিপুর আদালতের বিশেষ আদালতে তাকে তোলা হলে,আদালত একদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেয়। আজ আবার ধৃতকে আলিপুর আদালতে তোলা হবে।

*********************

হাওড়ার উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের প্রতিবাদে আজ প্রতীকী পেন ডাউনের সিদ্ধান্ত নিয়েছেন সিনিয়ার রেসিডেন্ট ডাক্তাররা। ১১ দফা দাবি নিয়ে সকাল ৯ টা থেকে এই কর্মসূচী শুরু হয়েছে। দুপুর ২ টো পর্যন্ত তা' চলার কথা। অধ্যক্ষের অফিসের সামনেও চলছে অবস্থান।

উল্লেখ্য, এই নিগ্রহের ঘটনায় ধৃত শেখ সম্রাট সহ তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। এর আগে ধৃত মূল অভিযুক্ত অস্থায়ী হোমগার্ড শেখ বাবুলাল এবং অপর অভিযুক্ত শেখ হাসিবুলকে তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

আজ তাদের আদালতে তোলা হবে।

হাসপাতালের সিসিটিভি ফুটেজ দেখেই এই তিনজনকে ধরা হয়। বাকিদের খোঁজে তল্লাশি চলছে।

*********************

নদিয়ার হরিণঘাটা থেকে অস্ত্রসহ মহিদা সিদ্ধার্থসিং বিক্রমসিং নামে এক গুজরাটের যুবককে গ্রেফতার করেছে পুলিশ। নির্দিষ্ট খবরের ভিত্তিতে হরিণঘাটা থানার পুলিশ বিরহীর কর্মকার হোটেলের কাছ থেকে ওই সন্দেহভাজন ব্যক্তিকে ধরে ফেলে। ধৃত ওই ব্যক্তির কাছ থেকে একটি দেশি আগ্নেয়াস্ত্র এবং ৭ এমএম ক্যালিবারের দুটি কার্তুজ উদ্ধার হয়। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

অন্যদিকে, হাঁসখালিতে বাগুলা রেল কলোনি এলাকায় তল্লাশি চালিয়ে গতরাতে অবৈধ আগ্নেয়াস্ত্র সহ দুই যুবককে আটক করে পুলিশ। ধৃতদের নাম শুভজিৎ সরকার এবং লাল্টু সরকার। ।

*********************

জাতীয় পরিবেশ আদালতের নির্দেশ মেনে আসন্ন ছট পুজোয় কলকাতা মিউনিসিপ্যাল ডেভলপমেন্ট অথরিটি রবীন্দ্র সরোবর ও বেলেঘাটার সুভাষ সরোবর বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। দুই সরোবরের নিরাপত্তায় কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার পদমর্যাদার দুজন আধিকারিকের নেতৃত্বে প্রায় তিনশো জন পুলিশ কর্মীকে মোতায়েন রাখা হবে বলে লালবাজার সূত্রে জানা গিয়েছে।

অন্যদিকে সাধারণ মানুষের যেন কোন অসুবিধা না হয় তার জন্য কলকাতায় ৩৯টি অস্থায়ী ঘাট তৈরি করা হচ্ছে। পুজো শেষ হতেই পাঁচ ঘন্টার মধ্যে কে এম ডি এ র তরফে ঘাটগুলিকে পরিষ্কার করার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য আগামী সোমবার রাজ্যে ছট পুজো উদযাপন করা হবে।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর রবিরার আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*******************************************************************